

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ, প্রশাসন এর দপ্তর
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং- ১০.০০.০০০০.১৪১.৯৯.০০১.১৭.২১০ (১)

তারিখঃ ০৯/১২/২০১৮ খ্রিঃ।

পরিপত্র

বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/জেলা প্রশাসক কার্যালয়সহ অধিনস্থ দপ্তর/পরিদপ্তরসমূহ কর্তৃক মাননীয় হাইকোর্ট ও আপীল বিভাগে রীট/আপীল/রিভিউ দায়েরের জন্য রুলস্ অব বিজনেস এর বিধি-১৪ অনুসরণ না করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, রুলস্ অব বিজনেস, ১৯৯৬ অনুযায়ী ও অত্র মন্ত্রণালয়ের কর্মপরিধি মোতাবেক মাননীয় হাইকোর্ট বিভাগে রীট দায়ের, আপীল বিভাগে আপীল/রিভিউ দায়ের করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা, AOR নিয়োগ করা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের, আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের এখতিয়ারভুক্ত বিষয়। রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর বিধি ১৪ (২) তে বর্ণিত আছে যে, “No Ministry shall consult the Attorney-General except through the Law and Justice Division and in accordance with the procedure laid down by that Division” তা সত্ত্বেও বিভিন্ন মন্ত্রণালয়/জেলা প্রশাসক কার্যালয়সহ অধিনস্থ দপ্তর/পরিদপ্তরসমূহ কর্তৃক মাননীয় হাইকোর্ট ও আপীল বিভাগে রীট/আপীল/রিভিউ দায়ের করার জন্য সরাসরি অ্যাটর্নি জেনারেল কার্যালয়ে মামলার কাগজাদিসহ প্রস্তাব প্রেরণ করছেন, যার ফলে মামলাসমূহের অবস্থা সম্পর্কে আইনানুগ কোন ব্যবস্থা গ্রহণ করা, মামলা সংক্রান্ত কোন তথ্য সংরক্ষণ ও মামলার ব্যয় নির্বাহের ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের কাজে জটিলতার সৃষ্টি হচ্ছে, যা রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর বিধি ১৪ (২) পরিপত্রি।


এমতাবস্থায়, রুলস্ অব বিজনেস, ১৯৯৬ এর বিধি ১৪ এর বিধান মতে বিভিন্ন মন্ত্রণালয়/জেলা প্রশাসক কার্যালয়সহ অধিনস্থ দপ্তর/পরিদপ্তর-কে মাননীয় হাইকোর্ট ও আপীল বিভাগে রীট/আপীল/রিভিউ দায়ের ও মামলা সমূহে প্রতিদ্বন্দ্বিতা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র বিভাগের পরামর্শ গ্রহণ/প্রয়োজনীয় কাগজপত্র সহ প্রস্তাব অত্র বিভাগে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। বিষয়টি অতি গুরুত্বপূর্ণ ও জরুরী।

স্বঃ
(মোশতাক আহাম্মদ)
উপ-সলিসিটর (প্রশাসন)
ফোন-৫৫১১০৩৮০ (অফিস)

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)----- (অধিনস্থ সকল বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা-কে সরকারী স্বার্থ রক্ষার্থে পত্রের গুরুত্ব অবহিত করার অনুরোধসহ)
- ৩। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫। বিভাগীয় কমিশনার (সকল)-----।
- ৬। জেলা প্রশাসক (সকল)-----।
- ৭। উপ-সলিসিটর (প্রশাসন)/(রীট-১)/(রীট-২)/(দেওয়ানী)/(ফৌজদারী)/(এটি/এএটি), সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।
- ৮। সিনিয়র সহকারী সাচব (রীট-১)/(রীট-২)/(দেওয়ানী-১)/(দেওয়ানী-২)/(ফৌজদারী)/(এটি/এএটি), সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।
- ৯। অ্যাটর্নি জেনারেল মহোদয় এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (অ্যাটর্নি জেনারেল মহোদয় এর সদয় অবগতির জন্য)।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ১১। প্রোগ্রামার, আইটি সেল, আইন ও বিচার বিভাগ। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সলিসিটর মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর উইং (সলিসিটর মহোদয় এর সদয় অবগতির জন্য)।
- ১৩। অফিস কপি।


(মোশতাক আহাম্মদ)
উপ-সলিসিটর (প্রশাসন)
ফোন-৫৫১১০৩৮০ (অফিস)